সমকাল

তারিখ 6 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম তালিকা প্রকাশ

■ সমকাল প্রতিবেদক

একাদশ শ্রেণিতে সরকারি-বেসরকারি সব কলেজে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের প্রথম তালিকা গতকাল সোমবার প্রথম প্রহরে প্রকাশ করা হয়েছে। ১০টি শিক্ষা বোর্ডের সমন্বয়ে গঠিত আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি এ ফল প্রকাশ করে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন সমকালকে বলেন, রোববার রাত ১২টা ১ মিনিটে এ তালিকা প্রকাশ করা হয়। প্রথম তালিকায় ১২ লাখ ৪৯ হাজার ৮৪৮ জনকে বিভিন্ন কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত করা হয়েছে। তাদের তালিকা কলেজে ভর্তির সরকারি ওয়েবসাইটে (http://www.xiclassadmission.gov.bd) পাওয়া যাবে। এ ছাড়া মোবাইল ফোনে এসএমএস করেও প্রার্থীদের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## একাদশ শ্রেণিতে

[তৃতীয় পৃষ্ঠার পর]

ফল জানিয়ে দেওয়া হয়েছে। তিনি আরও জানান, আবেদনকারীদের মধ্যে ৯৫ দশমিক ০৩ শতাংশ শিক্ষার্থী প্রথম তালিকায় স্থান পেয়েছে। অন্যরা দ্বিতীয় ও তৃতীয় তালিকায় আসবে। আগামী ১৩ জুন দ্বিতীয় ও ১৮ জুন তৃতীয় তালিকা প্রকাশ করা হবে।

ফল প্রকাশ করে কলেজে ভর্তির ওয়েবসাইটে বলা হয়েছে, মনোনীত আবেদনকারীদের আগামী ৮ জুন রাত ১১টা ৫৯ মিনিটের মধ্যে মোবাইল ব্যাংকিং চার্জ বাদে ১৮৫ টাকা টেলিটক, শিওর ক্যাশ অথবা রকেটের মাধ্যমে জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। তা না হলে মনোনয়ন ও ভর্তির আবেদন বাতিল হবে।

গত কয়েক বছরের মতো এবারও মাধ্যমিকের ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে। চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় ৮০ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে, যাদের মধ্যে শীর্ষ ফল জিপিএ ৫ পেয়েছে এক লাখ ৪ হাজার ৭৬১ জন। এবার মাধ্যমিকে ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন পাস করলেও তাদের মধ্যে ১ লাখ ২৬ হাজার ৪৯৮ জন শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদনই করেনি।

প্রথম তালিকায় থাকা শিক্ষার্থীদের আজ ৬ জুন থেকে ৮ জুনের মধ্যে সিলেকশন নিশ্চিত (যে কলেজের তালিকায় নাম আসবে ওই কলেজেই যে শিক্ষার্থী ভর্তি হবে তা এসএমএসে নিশ্চিত করা) করতে হবে। মাইগ্রেশনের আবেদন (অপশন প্রদান) এবং নতুন আবেদন করা যাবে ৯ থেকে ১০ জুন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. মাহবুবুর রহমান সমকালকে জানান, দ্বিতীয় পর্যায়ের তালিকায় থাকা শিক্ষার্থীরা ১৪ থেকে ১৫ জুন সিলেকশন নিশ্চিত করবে এবং মাইগ্রেশন আবেদন (অপশন প্রদান) ও নতুন আবেদন করতে হবে ১৬ থেকে ১৭ জুন। তৃতীয় পর্যায়ে তালিকায় থাকা শিক্ষার্থীদের ১৯ জুন সিলেকশন নিশ্চিত করতে হবে। ২০ থেকে ২২ জুন এবং ২৮ থেকে ২৯ জুন দুই দফায় শিক্ষার্থী ভর্তি শেষে আগামী ১ জুলাই ক্লাস শুরু হবে।

এ বছর মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থী ছাড়াও ২০১৫ ও ২০১৬ সালে উত্তীর্ণরা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে।